$\therefore\ x = \dfrac{y + 1}{y - 2}$

বিপরীত ফাংশন $f^{-1} : y \rightarrow x$ যেখানে, $x = \dfrac{y + 1}{y - 2}$

বা, $f^{-1} : y \rightarrow \dfrac{y + 1}{y - 2}$

y এর স্থলে x স্থাপন করে পাই, $f^{-1} : x \rightarrow \dfrac{x + 1}{x - 2}$

$$\therefore\ f^{-1}(x) = \frac{x + 1}{x - 2};\ x \neq 2$$

প্রশ্ন–৭ ▸ $\mathbf{y = \ln \dfrac{5 + x}{5 - x}}$ **একটি লগারিদম ফাংশন।**

ক. ফাংশনটি যে শর্তের জন্য অসংজ্ঞায়িত সেসব শর্ত নির্ণয় কর। ২

খ. ফাংশনটির ডোমেন নির্ণয় কর। ৪

গ. ফাংশনটির রেঞ্জ নির্ণয় এবং বিপরীত ফাংশনের ডোমেন ও রেঞ্জ বের কর। ৪

৭নং প্রশ্নের সমাধান

ক. x = 5 এর জন্য ফাংশনটি অসংজ্ঞায়িত। আবার, লগারিদম ফাংশন ঋণাত্মক মানের জন্যও অসংজ্ঞায়িত। তাই $\dfrac{5 + x}{5 - x} < 0$ ফাংশনটি অসংজ্ঞায়িত।

খ. ধরি, $y = f(x) = \ln \dfrac{5 + x}{5 - x}$

যেহেতু লগারিদম ফাংশন শুধুমাত্র ধনাত্মক বাস্তব সংখ্যার জন্য সংজ্ঞায়িত হয়।

$\therefore\ \dfrac{5 + x}{5 - x} > 0$ যদি (i) $5 + x > 0$ এবং $5 - x > 0$ হয়

অথবা, (ii) $5 + x < 0$ এবং $5 - x < 0$ হয়।

(i) নং হতে পাই, $x > -5$ এবং $-x > -5$

বা, $x > -5$ এবং $x < 5$

$\therefore$ ডোমেন = $\{x : -5 < x\}$ এবং $\{x : x < 5\}$

$= (-5, \infty) \cap (-\infty, 5) = (-5, 5)$

(ii) নং হতে পাই, $x < -5$ এবং $-x < -5$

বা, $x < -5$ এবং $x > 5$

$\therefore$ ডোমেন = $\{x : x < -5\} \cap (x : x > 5\} = \varnothing$

$\therefore$ প্রদত্ত ফাংশনের ডোমেন,

D_f = (i) ও (ii) এ প্রাপ্ত ডোমেনের সংযোগ = $(-5, 5) \cup \varnothing = (-5, 5)$

গ. ধরি, $y = f(x) = \ln \dfrac{5 + x}{5 - x}$

বা, $e^y = \dfrac{5 + x}{5 - x}$

বা, $5 + x = 5e^y - xe^y$

বা, $x(1 + e^y) = 5(e^y - 1)$

$\therefore x = \dfrac{5(e^y - 1)}{e^y + 1}$

y এর সকল বাস্তব মানের জন্য x এর মান বাস্তব হয়।

$\therefore$ প্রদত্ত ফাংশনের রেঞ্জ $R_f = \mathbb{R}$

বিপরীত ফাংশন $f^{-1} : y \to x$ যেখানে, $x = \dfrac{5(e^y - 1)}{e^y + 1}$

বা, $f^{-1} : y \to \dfrac{5(e^y - 1)}{e^y + 1}$

y এর পরিবর্তে x বসিয়ে পাই,

$f^{-1} : x \to \dfrac{5(e^x - 1)}{e^x + 1}$

$\therefore f^{-1}(x) = \dfrac{5(e^x - 1)}{e^x + 1}$

সুতরাং, বিপরীত ফাংশনের ডোমেন হবে ফাংশনটি রেঞ্জ এবং রেঞ্জ হবে ফাংশনটির ডোমেন।

$\therefore Df^{-1} = \mathbb{R}$ এবং $Rf^{-1} = (-5, 5)$ **(Ans.)**

প্রশ্ন–৮ $f(x) = e^{-x}$ একটি ফাংশন।

ক. প্রদত্ত ফাংশনের লেখচিত্র অঙ্কনের জন্য একটি সারণি তৈরি কর। ২

খ. ফাংশনটির লেখচিত্র অঙ্কন কর। ৪

গ. ফাংশনটির ডোমেন ও রেঞ্জ নির্ণয় কর এবং বিপরীত ফাংশন নির্ণয় কর। ৪

৮নং প্রশ্নের সমাধান

ক. ধরি, $y = f(x) = e^{-x}$

x এর কয়েকটি মান নিয়ে সংশ্লিষ্ট y এর মান নিম্নের ছকে দেখানো হলো–

x	2	1	0	–1	–2	–3	–4
y	0·14	0·36	1	2·71	7·4	20·08	54·6

খ. এখন, 'ক' এ প্রাপ্ত বিন্দুগুলো ছক কাগজে সুবিধামত X–অক্ষ XOX′ এবং Y–অক্ষ YOY′ আঁকি। X-অক্ষ বরাবর ক্ষুদ্রতম 5 বর্গ ঘর = 1 একক এবং Y-অক্ষ বরাবর ক্ষুদ্রতম 1 বর্গ ঘর = 1 একক ধরে (x, y) বিন্দুগুলো পাতন করি। বিন্দুগুলোকে সাবলীল বক্ররেখার যুক্ত করে $y = f(x)$ এর লেখ পাওয়া যায়।

যা নিম্নে দেখানো হলো–



গ. x এর সকল বাস্তব মানের জন্য প্রদত্ত ফাংশন $f(x)$ সংজ্ঞায়িত।

∴ ফাংশনটির ডোমেন $D_f = \mathbb{R}$

এবং x যখন + ∞ এর কাছাকাছি হয় তখন $f(x)$ এর মান শূন্যের কাছাকাছি হয় এবং x এর মান হ্রাসের সাথে সাথে $f(x)$ এর মান অসীমের দিকে বৃদ্ধি পায়।

∴ প্রদত্ত ফাংশনের রেঞ্জ $R_f = (0, \infty)$

'ক' হতে পাই, $y = e^{-x}$

বা, $\log_e y = -x$

বা, $x = -\log_e y$

বা, $x = \log_e y^{-1}$

বা, $x = \log_e \dfrac{1}{y}$

বিপরীত ফাংশন $f^{-1} : y \to x$ যেখানে, $x = \log_e \frac{1}{y}$

বা, $f^{-1} : y \to \log_e \frac{1}{y}$

y এর পরিবর্তে x বসিয়ে পাই,

$f^{-1} : x \to \log_e \frac{1}{x}$

$\therefore f^{-1}(x) = \log_e \frac{1}{x}$

প্রশ্ন–৯ $\frac{\log_k p}{y - z} = \frac{\log_k q}{z - x} = \frac{\log_k r}{x - y}$

ক. প্রমাণ কর যে, $pqr = 1$ ২

খ. $p^{y + z}.q^{z + x}.r^{x + y} = 1$ ৪

গ. $p^{y^2 + yz + z^2}.q^{z^2 + zx + x^2}.r^{x^2 + xy + y^2} = 1$ ৪

৯নং প্রশ্নের সমাধান

ক. ধরি, $\frac{\log_k p}{y - z} = \frac{\log_k q}{z - x} = \frac{\log_k r}{x - y} = c$

$\therefore \log_k p = c(y - z)$ ....(i)

$\log_k q = c(z - x)$ .... (ii)

$\log_k r = c(x - y)$ .... (iii)

(i), (ii) ও (iii) নং যোগ করে পাই,

$\log_k p + \log_k q + \log_k r = c(y - z + z - x + x - y)$

বা, $\log_k pqr = c.0 = 0 = \log_k 1$

$\therefore pqr = 1$ (প্রমাণিত)

খ. সমীকরণ (i), (ii) ও (iii) কে যথাক্রমে (y + z), (z + x) ও (x + y) দ্বারা গুণ করার পর যোগ করে পাই,

$(y + z)\log_k p + (z + x)\log_k q + (x + y)\log_k r =$

$c\{(y + z)(y - z) + (z + x)(z - x) + (x + y)(x - y)\}$

বা, $\log_k p^{(y+z)} + \log_k q^{(z+x)} + \log_k r^{(x+y)} = c\{y^2 - z^2 + z^2 - x^2 + x^2 - y^2\}$

বা, $\log_k(p^{y + z}.q^{z + x}.r^{x + y}) = c.0 = 0 = \log_k 1$

$\therefore\ p^{y+z}.q^{z+x}.r^{x+y} = 1$ (প্রমাণিত)

গ. সমীকরণ (i), (ii) ও (iii) কে যথাক্রমে $(y^2 + yz + z^2)$, $(z^2 + zx + x^2)$ ও $(x^2 + xy + y^2)$ দ্বারা গুণ করার পর যোগ করে পাই,

$$(y^2 + yz + z^2)\log_k p + (z^2 + zx + x^2)\log_k q +$$
$$(x^2 + xy + y^2)\log_k r = c\ \{(y - z)(y^2 + yz + z^2) +$$
$$(z - x)(z^2 + zx + x^2) + (x - y)(x^2 + xy + y^2)\}$$

বা, $\log_k p^{(y^2 + yz + z^2)} + \log_k q^{(z^2 + zx + x^2)} + \log_k r^{(x^2 + xy + y^2)}$

$$= c\{y^3 - z^3 + z^3 - x^3 + x^3 - y^3\}$$

বা, $\log_k(p^{y^2+yz+z^2}.q^{z^2+zx+x^2}.r^{z^2+xy+y^2}) = c.0 = 0 = \log_k 1$

$\therefore\ p^{y^2+yz+z^2}.q^{z^2+zx+x^2}.r^{z^2+xy+y^2} = 1$ (প্রমাণিত)

প্রশ্ন–১০ দেওয়া আছে, $y = 1 - 2^{-x}$

ক. প্রদত্ত ফাংশনের ডোমেন ও রেঞ্জ নির্ণয় কর। ২

খ. ফাংশনটির লেখচিত্র অঙ্কন কর এবং এর বৈশিষ্ট্যগুলো লেখ। ৪

গ. ফাংশনটির বিপরীত ফাংশন নির্ণয় করে তা এক-এক কিনা তা নির্ধারণ কর। ৪

১০নং প্রশ্নের সমাধান

ক. এখানে, $y = 1 - 2^{-x}$

x এর সকল বাস্তব মানের জন্য ফাংশনটি সংজ্ঞায়িত।

$\therefore$ ডোমেন $D_f = \mathbb{R}$

রেঞ্জ : $y = 1 - 2^{-x}$

বা, $2^{-x} = 1 - y$

বা, $-x = \log_2(1 - y)$

বা, $x = \log_2(1 - y)^{-1}$

$$\therefore\ x = \log_2\left(\frac{1}{1 - y}\right)$$

শুধুমাত্র ধনাত্মক বাস্তব সংখ্যার জন্য লগারিদম সংজ্ঞায়িত হয়।

$\therefore \dfrac{1}{1-y} > 0$ যদি $1 - y > 0$ হয়।

বা, $1 > y$

$\therefore y < 1$

$\therefore$ রেঞ্জ $R_f = (-\infty, 1)$

খ. **লেখচিত্র অঙ্কন :** প্রদত্ত ফাংশন, $y = 1 - 2^{-x}$

প্রদত্ত ফাংশনের লেখচিত্র অঙ্কনের জন্য x ও y এর মানের একটি তালিকা প্রস্তুত করি :

x	−3	−2	−1	0	1	2
y	−7	−3	−1	0	0.5	0.75

ছক কাগজে মানগুলো স্থাপন করলে নিম্নরূপ লেখচিত্র পাওয়া যায়।

x-অক্ষ : প্রতি 4 বর্গ = 1 একক ধরে

y-অক্ষ : প্রতি 4 বর্গ = 1 একক ধরে



বৈশিষ্ট্য :

১. রেখাটি মূলবিন্দুগামী।

২. ফাংশনটির ডোমেন $D_f = \mathbb{R}$

৩. ফাংশনটির রেঞ্জ $R_f = (-\infty, 1)$

গ. **বিপরীত ফাংশন নির্ণয় :**

এখানে, $y = 1 - 2^{-x} = f(x)$ (ধরি)

বা, $2^{-x} = 1 - y$

বা, $-x = \log_2(1 - y)$

বা, $x = \log_2\left(\dfrac{1}{1-y}\right)$

$y = f(x)$ হলে $f^{-1}(y) = x$

$\therefore f^{-1}(y) = \log_2\left(\frac{1}{1-y}\right)$

বা, $f^{-1}(x) = \log_2\left(\frac{1}{1-x}\right)$

নির্ণেয় বিপরীত ফাংশন $f^{-1}(x) = \log_2\left(\frac{1}{1-x}\right)$

$x_1 \in \mathbb{R}, x_2 \in \mathbb{R}$

$\therefore f^{-1}(x_1) = \log_2\left(\frac{1}{1-x_1}\right)$

এবং $f^{-1}(x_2) = \log_2\left(\frac{1}{1-x_2}\right)$

এখন, $f^{-1}(x_1) = f^{-1}(x_2)$

বা, $\log_2\left(\frac{1}{1-x_1}\right) = \log_2\left(\frac{1}{1-x_2}\right)$

বা, $\frac{1}{1-x_1} = \frac{1}{1-x_2}$

বা, $1 - x_1 = 1 - x_2$

বা, $-x_1 = -x_2$

$\therefore x_1 = x_2$

যেহেতু $f^{-1}(x_1) = f^{-1}(x_2)$ এর জন্য $x_1 = x_2$ হয়।

$\therefore f^{-1}(x) = \log_2\left(\frac{1}{1-x}\right)$ ফাংশনটি একটি এক-এক ফাংশন।

প্রশ্ন–১১ ▸ $a, b, c \in \mathbb{R}$; যেখানে $b = (1 + 3^{\frac{1}{3}} + 3^{\frac{2}{3}})$ এবং $\frac{\log_k a}{b-c} = \frac{\log_k b}{c-a} = \frac{\log_k c}{a-b}$

ক. দেখাও যে, $\log_a \log_a \log_a \left(a^{a^{a^b}}\right) = b$ ২

খ. দেখাও যে, $b^3 - 3b^2 - 6b - 4 = 0$ ৪

গ. $a^a.b^b.c^c$ এর মান বের কর। ৪

▸◂ **১১নং প্রশ্নের সমাধান** ▸◂

ক. বামপক্ষ $= \log_a \log_a \log_a a^{a^{a^b}} = \log_a \log_a a^{a^b} \log_a a$

$= \log_a \log_a a^{a^b}.1 = \log_a a^b \log_a a$

$= \log_a a^b.1 = b\log_a a = b.1 = b =$ ডানপক্ষ

অর্থাৎ $\log_a \log_a \log_a \left(a^{a^{a^b}}\right) = b$ (দেখানো হলো)

খ. দেওয়া আছে, $b = 1 + 3^{\frac{1}{3}} + 3^{\frac{2}{3}}$

বা, $b - 1 = 3^{\frac{1}{3}} + 3^{\frac{2}{3}}$ .... (i)

বা, $(b - 1)^3 = \left(3^{\frac{1}{3}} + 3^{\frac{2}{3}}\right)^3$ [ঘন করে]

বা, $b^3 - 1 - 3b^2 + 3b = \left(3^{\frac{1}{3}}\right)^3 + \left(3^{\frac{2}{3}}\right)^3 + 3.3^{\frac{1}{3}}.3^{\frac{2}{3}}\left(3^{\frac{1}{3}} + 3^{\frac{2}{3}}\right)$

বা, $b^3 - 1 - 3b^2 + 3b = 3 + 3^2 + 3.3^1.(b - 1)$ [(i) থেকে]

বা, $b^3 - 3b^2 + 3b - 1 = 12 + 9b - 9$

বা, $b^3 - 3b^2 + 3b - 1 - 12 - 9b + 9 = 0$

$\therefore\ b^3 - 3b^2 - 6b - 4 = 0$ (দেখানো হলো)

গ. $\dfrac{\log_k a}{b - c} = \dfrac{\log_k b}{c - a} = \dfrac{\log_k c}{a - b} = p$ (ধরি)

তাহলে, $\log_k a = p(b - c)$ .... (i)

$\log_k b = p(c - a)$ .... (ii)

$\log_k c = p(a - b)$ .... (iii)

(i) × a + (ii) × b + (iii) × c করে পাই,

$a \log_k a + b \log_k b + c \log_k c = p\{a(b - c) + b(c - a) + c(a - b)\}$

বা, $\log_k a^a + \log_k b^b + \log_k c^c = p\,(ab - ca + bc - ab + ca - bc)$

বা, $\log_k\left(a^a.b^b.c^c\right) = p.0 = 0 = \log_k 1$

$\therefore\ a^a.b^b.c^c = 1$ **(Ans.)**

প্রশ্ন–১২ ▶ a, b, c > 0 এবং a, b, c ≠ 1

ক. $\log_a(abc) = x$ হলে, $a =$ কত? ২

খ. দেখাও যে, $\frac{1}{\log_a(abc)} + \frac{1}{\log_b(abc)} + \frac{1}{\log_c(abc)} = 1$ ৪

গ. যদি $p = \log_a(bc)$, $q = \log_b(ca)$ এবং $r = \log_c(ab)$ হয় তবে দেখাও যে, $\frac{1}{1+p} + \frac{1}{1+q} + \frac{1}{1+r} = 1$ ৪

১২নং প্রশ্নের সমাধান

ক. দেওয়া আছে, $\log_a(abc) = x$

বা, $a^x = abc$

বা, $\frac{a^x}{a} = bc$

বা, $a^{x-1} = bc$

$\therefore a = (bc)^{\frac{1}{x-1}}$

খ. 'ক' হতে পাই, $a = (abc)^{\frac{1}{x}}$

ধরি, $\log_b(abc) = y$ এবং $\log_c(abc) = z$

বা, $b = (abc)^{\frac{1}{y}}$ এবং $c = (abc)^{\frac{1}{z}}$

$\therefore abc = (abc)^{\frac{1}{x}}.(abc)^{\frac{1}{y}}.(abc)^{\frac{1}{z}}$

বা, $(abc)^1 = (abc)^{\frac{1}{x}+\frac{1}{y}+\frac{1}{z}}$

বা, $\frac{1}{x} + \frac{1}{y} + \frac{1}{z} = 1$

$\therefore \frac{1}{\log_a(abc)} + \frac{1}{\log_b(abc)} + \frac{1}{\log_c(abc)} = 1$ (দেখানো হলো)

গ. দেওয়া আছে, $p = \log_a(bc)$, $q = \log_b(ca)$ এবং $r = \log_c(ab)$

$\therefore 1 + p = \log_a a + \log_a(bc) = \log_a(abc)$

$1 + q = \log_b b + \log_b(ca) = \log_b(abc)$

$1 + r = \log_c c + \log_c(ab) = \log_c(abc)$

আবার, 'খ' হতে পাই,

$$\frac{1}{\log_a(abc)} + \frac{1}{\log_b(abc)} + \frac{1}{\log_c(abc)} = 1$$

$\therefore \frac{1}{1+p} + \frac{1}{1+q} + \frac{1}{1+r} = 1$ (দেখানো হলো)

প্রশ্ন–১৩ $f(x) = \frac{2x+1}{x-1}$

ক. প্রদত্ত ফাংশনটির ডোমেন ও রেঞ্জ নির্ণয় কর। ২

খ. ফাংশনটির বিপরীত ফাংশন নির্ণয় কর এবং বিপরীত ফাংশনের ডোমেন ও রেঞ্জ নির্ণয় কর। ৪

গ. যদি $y = ln\frac{5+x}{5-x}$ হয়, তবে ফাংশনটির ডোমেন ও রেঞ্জ নির্ণয় কর। ৪

১৩নং প্রশ্নের সমাধান

ক. প্রদত্ত ফাংশন, $f(x) = \frac{2x+1}{x-1}$ –এ

$x - 1 = 0$ বা, $x = 1$ বসালে ফাংশনটি অসংজ্ঞায়িত হয়।

$\therefore$ ডোমেন $f = \mathbb{R} - \{1\}$

আবার ধরি, $y = \frac{2x+1}{x-1}$

বা, $2x + 1 = xy - y$

বা, $2x - xy = -1 - y$

বা, $x(2 - y) = -(1 + y)$

বা, $x = \frac{-(y+1)}{-(y-2)}$

$\therefore x = \frac{y+1}{y-2}$ .... (i) (i)–এ $y = 2$ বসালে x এর মান অসংজ্ঞায়িত হয়।

$\therefore$ রেঞ্জ $f = \mathbb{R} - \{2\}$

ডোমেন $f = \mathbb{R} - \{1\}$, রেঞ্জ $f = \mathbb{R} - \{2\}$ **(Ans.)**

খ. সংজ্ঞানুসারে, $f(f^{-1}(x)) = x$

$f(y) = x$ .... (i) [যেহেতু $f^{-1}(x) = y$]

দেওয়া আছে, $f(x) = \dfrac{2x + 1}{x - 1}$

বা, $f(y) = \dfrac{2y + 1}{y - 1}$

বা, $x = \dfrac{2y + 1}{y - 1}$

বা, $2y + 1 = xy - x$

বা, $2y - xy = -1 - x$

বা, $y(2 - x) = -(1 + x)$

বা, $y = \dfrac{-(x + 1)}{-(x - 2)}$

বা, $y = \dfrac{x + 1}{x - 2}$

$\therefore f^{-1}(x) = \dfrac{x + 1}{x - 2}$

$x - 2 = 0$ বা, $x = 2$ বসালে ফাংশনটি অসংজ্ঞায়িত হয়।

$\therefore$ ডোমেন $f^{-1} = \mathbb{R} - \{2\}$ **(Ans.)**

আবার ধরি, $y = \dfrac{x + 1}{x - 2}$

বা, $xy - 2y = x + 1$

বা, $xy - x = 2y + 1$

বা, $x(y - 1) = 2y + 1$

$\therefore x = \dfrac{2y + 1}{y - 1}$

$y = 1$ বসালে x এর মান অসংজ্ঞায়িত হয়।

$\therefore$ রেঞ্জ $f^{-1} = \mathbb{R} - \{1\}$ **(Ans.)**

গ. যেহেতু লগারিদম শুধুমাত্র ধনাত্মক বাস্তব সংখ্যার জন্য সংজ্ঞায়িত $\therefore \frac{5 + x}{5 - x} > 0$

যদি (i) $5 + x > 0$ এবং $5 - x > 0$ হয়

অথবা, (ii) $5 + x < 0$ এবং $5 - x < 0$ হয়।

হতে $x > -5$ এবং $5 > x$

বা, $-5 < x$ এবং $x < 5$

$\therefore$ ডোমেন $= \{x : -5 < x\} \cap \{x : x < 5\}$

$= \{-5, \infty\} \cap \{\infty, 5\}$

$= \{-5, 5\}$

(ii) হতে $x < -5$ এবং $5 < x$

বা, $x < -5$ এবং $x > 5$

$\therefore$ ডোমেন $= \{x : x < -5\} \cap \{x : x < 5\}$

$= \Phi$

$\therefore$ প্রদত্ত ফাংশনের ডোমেন D_f = (i) ও (ii) ক্ষেত্রে প্রাপ্ত ডোমেনের সংযোগ

$= \{-5, 5\} \cup \Phi$

$= \{-5, 5\}$

রেঞ্জ : $y = ln \frac{5 + x}{5 - x}$

বা, $e^y = \frac{5 + x}{5 - x}$

বা, $xe^y + x = 5e^y - 5$

$\therefore x = \frac{5 (e^y - 1)}{e^y + 1}$

y এর সকল বাস্তব মানের জন্য x এর মান বাস্তব হয়।

$\therefore$ প্রদত্ত ফাংশনের রেঞ্জ $R_f = \mathbb{R}$

প্রশ্ন–১৪ $\frac{\log_k 1 + x}{\log_k x} = 2$

ক. প্রমাণ কর যে, $x^2 - x - 1 = 0$ ২

খ. দেখাও যে, $x = \frac{1 + \sqrt{5}}{2}$ ৪

গ. $x = \frac{1 + \sqrt{5}}{2}$ এবং log এর ভিত্তি 2 ধরে উপরিউক্ত সমীকরণের সত্যতা যাচাই কর। ৪

▹◃ ১৪ নং প্রশ্নের সমাধান ▹◃

ক. দেওয়া আছে, $\frac{\log_k(1 + x)}{\log_k x} = 2$

বা, $\log_k(1 + x) = 2\log_k x$

বা, $\log_k(1 + x) = \log_k x^2$

বা, $1 + x = x^2$

$\therefore x^2 - x - 1 = 0$ **(প্রমাণিত)**

খ. 'ক' থেকে পাই, $x^2 - x - 1 = 0$

বা, $(x)^2 - 2.x.\frac{1}{2} + \left(\frac{1}{2}\right)^2 - \frac{1}{4} - 1 = 0$

বা, $\left(x - \frac{1}{2}\right)^2 = \frac{5}{4} = \left(\frac{\sqrt{5}}{2}\right)^2$

বা, $x - \frac{1}{2} = \pm \frac{\sqrt{5}}{2}$

হয়, $x - \frac{1}{2} = \frac{\sqrt{5}}{2}$ অথবা, $x - \frac{1}{2} = -\frac{\sqrt{5}}{2}$

বা, $x = \frac{\sqrt{5}}{2} + \frac{1}{2}$ বা, $x = -\frac{\sqrt{5}}{2} + \frac{1}{2}$

$\therefore x = \frac{1 + \sqrt{5}}{2}$ $\therefore x = -\frac{-\sqrt{5} + 1}{2} = \frac{-(\sqrt{5} - 1)}{2}$

এখানে, $x = \frac{-(\sqrt{5} - 1)}{2}$ গ্রহণযোগ্য নয়।

কারণ x এর ঋণাত্মক মানের জন্য logx এর মান সংজ্ঞায়িত নয়।

$\therefore x = \frac{1 + \sqrt{5}}{2}$ **(দেখানো হলো)**

গ. দেওয়া আছে, $\frac{\log_k(1 + x)}{\log_k x} = 2$

প্রশ্নমতে, $k = 2$ $[\because$ ভিত্তি $= 2]$

বামপক্ষ $= \dfrac{\log_k(1+x)}{\log_k x} = \dfrac{\log_2(1+x)}{\log_2 x}$

$= \dfrac{\log_2 10 \times \log_{10}(1+x)}{\log_2 10 \times \log_{10} x} = \dfrac{\log(1+x)}{\log x}$

$= \dfrac{\log\left(1 + \dfrac{1+\sqrt{5}}{2}\right)}{\log\left(\dfrac{1+\sqrt{5}}{2}\right)} = \dfrac{\log 2.618}{\log 1.618} = 2.000006$

$= 2$ ডানপক্ষ **(দেখানো হলো)**

প্রশ্ন–১৫ $\mathbf{a^{3-x}b^{5x} = a^{5+x}b^{3x}}$

ক. যদি $x = 0$ হয় তবে প্রমাণ কর $2\log_k a = 0$ ২

খ. দেখাও যে, $(1+x)\log_k a = x\log_k b$ ৪

গ. দেখাও যে, $x\log_k\left(\dfrac{b}{a}\right) = \log_k a$ ৪

১৫নং প্রশ্নের সমাধান

ক. দেওয়া আছে, $a^{3-x}b^{5x} = a^{5+x}b^{3x}$

বা, $a^{3-0}b^{5.0} = a^{5+0}b^{3.0}$ $[\because x = 0]$

বা, $a^3b^0 = a^5b^0$

বা, $a^3 = a^5$

বা, $\dfrac{a^5}{a^3} = 1$

বা, $a^2 = 1$

বা, $\log_k a^2 = \log_k 1$

$\therefore 2\log_k a = 0$ **(প্রমাণিত)**

খ. দেওয়া আছে, $a^{3-x}b^{5x} = a^{5+x}b^{3x}$

বা, $\dfrac{b^{5x}}{b^{3x}} = \dfrac{a^{5+x}}{a^{3-x}}$

বা, $b^{2x} = a^{2+2x}$

বা, $(b^x)^2 = (a^{1+x})^2$

বা, $b^x = a^{1+x}$

বা, $\log_k b^x = \log_k a^{1+x}$

বা, $x\log_k b = (1 + x) \log_k a$

$\therefore (1 + x)\log_k a = x\log_k b$ (দেখানো হলো)

গ. ‘খ’ নং থেকে, $b^{2x} = a^{2+2x}$

বা, $b^{2x} = a^{2x}.a^2$

বা, $\frac{b^{2x}}{a^{2x}} = a^2$

বা, $\left(\frac{b}{a}\right)^{2x} = a^2$

বা, $\log_k\left(\frac{b}{a}\right)^{2x} = \log_k a^2$

বা, $2x \log_k\left(\frac{b}{a}\right) = 2 \log_k a$

$\therefore x\log_k\left(\frac{b}{a}\right) = \log_k a$ (দেখানো হলো)

প্রশ্ন–১৬ ▸ $x = 1 + \log_a bc, y = 1 + \log_b ca$ এবং $z = 1 + \log_c ab$

ক. দেখাও যে, $a = (abc)^{\frac{1}{x}}$ ২

খ. প্রমাণ কর যে, $xyz = xy + yz + zx$ ৪

গ. দেখাও যে, $a^{x-3}.b^{y-3}.c^{z-3} = 1$ ৪

১৬নং প্রশ্নের সমাধান

ক. দেওয়া আছে $x = 1 + \log_a bc$

বা, $x = \log_a a + \log_a bc$

বা, $x = \log_a abc$

বা, $a^x = abc$

$\therefore a = (abc)^{\frac{1}{x}}$ (দেখানো হলো)

খ. ‘ক’ হতে পাই, $a = (abc)^{\frac{1}{x}}$ .... (i)

অনুরূপভাবে, $b = (abc)^{\frac{1}{y}}$ .... (ii)

এবং $c = (abc)^{\frac{1}{z}}$ .... (iii)

(i), (ii) ও (iii) গুণ করে পাই,

$$abc = (abc)^{\frac{1}{x}}.(abc)^{\frac{1}{y}}.(abc)^{\frac{1}{z}}$$

বা, $(abc)^1 = (abc)^{\frac{1}{x} + \frac{1}{y} + \frac{1}{z}}$

বা, $1 = \frac{1}{x} + \frac{1}{y} + \frac{1}{z}$

বা, $1 = \frac{xy + yz + zx}{xyz}$

$\therefore xyz = xy + yz + zx$ **(প্রমাণিত)**

গ. দেওয়া আছে, $x = 1 + \log_a bc$

বা, $x - 1 = \log_a bc$

বা, $a^{x-1} = bc$ .... (i)

আবার, $y = 1 + \log_b ca$

বা, $y - 1 = \log_b ca$

$\therefore b^{y-1} = ca$ .... (ii)

অনুরূপভাবে, $c^{z-1} = ab$ ...... (iii)

(i), (ii) ও (iii) গুণ করে পাই,

$$a^{x-1}.b^{y-1}.c^{z-1} = bc.ab.ca$$

বা, $a^{x-1}.b^{y-1}.c^{z-1} = a^2b^2c^2$

বা, $\frac{a^{x-1}}{a^2} \cdot \frac{b^{y-1}}{b^2} \cdot \frac{c^{z-1}}{c^2} = 1$

$\therefore a^{x-3}.b^{y-3}.c^{z-3} = 1$ **(দেখানো হলো)**

প্রশ্ন–১৭ ▸ $\mathbf{y = 2^{\frac{x}{2}}}$ **একটি সূচক ফাংশন এবং** $\mathbf{-3 \le x \le 3}$

? ক. প্রদত্ত ফাংশনের লেখচিত্র অঙ্কনের জন্য x ও y এর মানের তালিকা প্রস্তুত কর। ২
খ. ফাংশনটির লেখচিত্র অঙ্কন কর। ৪
গ. ফাংশনটির ডোমেন ও রেঞ্জ নির্ণয় কর। ৪

১৭নং প্রশ্নের সমাধান

ক. ধরি, $y = f(x) = 2^{\frac{x}{2}}$

x এর কয়েকটি নির্দিষ্ট মানের জন্য y-এর আসন্ন অনুসঙ্গী মান নির্ণয় করি এবং ছকে লিখি :

x	–3	–2	–1	0	1	2	3
y	0·35	0·5	0·70	1	1·41	2	2·82

খ. 'ক' এর প্রাপ্ত বিন্দুগুলো ছক কাগজে সুবিধামতো x অক্ষ XOX' এবং y-অক্ষ YOY' আঁকি। x-অক্ষ বরাবর 4 ক্ষুদ্রতম বর্গ = 1 একক এবং y অক্ষ বরাবর ক্ষুদ্রতম 10 বর্গ ঘর = 1 একক ধরে (x, y) বিন্দুগুলো পাতন করি। বিন্দুগুলোকে সহজভাবে বক্ররেখায় যুক্ত করে $y = f(x)$ এর লেখ পাওয়া যায়।

যা নিচে দেখানো হলো –



গ. দেওয়া আছে, $y = 2^{\frac{x}{2}}$

ধরি, $y = f(x) = 2^{\frac{x}{2}}$

x এর যেকোনো বাস্তব মানের জন্য $y = f(x)$ এর মান সংজ্ঞায়িত হয়।

সুতরাং ফাংশনটির ডোমেন $D_f = \mathbb{R}$

এখন,

$f(x) = y$

বা, $f^{-1}(y) = x$ .... (i)

এবং $y = 2^{\frac{x}{2}}$

বা, $\log_2 y = \frac{x}{2}$

বা, $x = 2\log_2 y$ .... (ii)

শুধুমাত্র ধনাত্মক বাস্তব সংখ্যার লগারিদম সংজ্ঞায়িত হয়।

সুতরাং y-এর ধনাত্মক বাস্তব মানের জন্য x-এর বাস্তব মান আছে।

$\therefore$ ফাংশনটির রেঞ্জ $R_f = \{x \in R : x > 0\}$

প্রশ্ন–১৮ $p^2 + q^2 = 9pq$

ক. দেখাও যে, $\log(p^2 + q^2) = 2\log3 + \log p + \log q$. ২

খ. দেখাও যে, $\log(p^4 + q^4) = \log 79 + 2(\log p + \log q)$ ৪

গ. প্রমাণ কর যে, $2\log(p - q) = \log7 + \log p + \log q$ ৪

১৮নং প্রশ্নের সমাধান

ক. দেওয়া আছে, $p^2 + q^2 = 9pq$

সমীকরণের উভয় পার্শ্বে log নিয়ে পাই,

$$\log(p^2 + q^2) = \log 9pq$$
$$= \log9 + \log p + \log q$$
$$= \log3^2 + \log p + \log q$$

$\therefore \log(p^2 + q^2) = 2\log3 + \log p + \log q$ (দেখানো হলো)

খ. দেওয়া আছে, $p^2 + q^2 = 9pq$

বা, $(p^2 + q^2)^2 = (9pq)^2$ [বর্গ করে]

বা, $p^4 + q^4 + 2p^2q^2 = 81p^2q^2$

বা, $p^4 + q^4 = 79p^2q^2$

বা, $\log(p^4 + q^4) = \log(79p^2q^2)$ [উভয় দিকে log নিয়ে]

$$= \log 79 + \log(pq)^2$$
$$= \log79 + 2\log(pq)$$

$\therefore \log(p^4 + q^4) = \log79 + 2(\log p + \log q)$ (দেখানো হলো)

গ. দেওয়া আছে, $p^2 + q^2 = 9pq$

বা, $p^2 - 2pq + q^2 = 9pq - 2pq$

বা, $(p - q)^2 = 7pq$

বা, $\log(p - q)^2 = \log7pq$ [উভয় দিকে log নিয়ে]

বা, $2\log(p - q) = \log7 + \log pq$

বা, $2\log(p - q) = \log7 + \log p + \log q$ (প্রমাণিত)

প্রশ্ন–১৯ $\dfrac{\log k^p}{y - z} = \dfrac{\log k^q}{z - x} = \dfrac{\log k^r}{x - y}$

ক. প্রমাণ কর যে, $pqr = 1$ ২

খ. $p^{y+z}.\ q^{z+x}.\ y^{x+y} = 1$ ৪

গ. $p^{y^2+yz+z^2} \times q^{z^2+zx+x^2} \times r^{x^2+xy+y^2} = 1$ ৪

১৯নং প্রশ্নের সমাধান

ক. ধরি, $\dfrac{\log k^p}{y-z} = \dfrac{\log k^q}{z-x} = \dfrac{\log k^r}{x-y} = T$

$\therefore \log_k p = T(y-z)$ .... (i)

$\log_k q = T(z-x)$ .... (ii)

$\log_k r = T(x-y)$ .... (iii)

সমীকরণ (i), (ii) ও (iii) যোগ করে পাই,

$\log_k p + \log_k q + \log_k r = T(y-z+z-x+x-y)$

বা, $\log_k (pqr) = T \times 0$

বা, $\log_k (pqr) = 0$

বা, $\log_k (pqr) = \log_k 1$

$\therefore pqr = 1$ (প্রমাণিত)

খ. 'ক' অংশ হতে প্রাপ্ত, $\log_k p = T(y-z)$

বা, $p = k^{T(y-z)}$

বা, $p^{y+z} = k^{T(y-z)(y+z)}$

$\therefore p^{y+z} = k^{T(y^2-z^2)}$ .... (i)

অনুরূপভাবে, $q^{z+x} = k^{T(z^2-x^2)}$ ....(ii)

এবং $r^{x+y} = k^{T(x^2-y^2)}$ .... (iii)

$\therefore p^{y+z}.q^{z+x}.r^{x+y} = k^{T(y^2-z^2+z^2-x^2+x^2-y^2)}$

$= k^{T.O} = k^0 = 1$

$\therefore p^{y+z}.q^{z+x}.r^{x+y} = 1$ (প্রমাণিত)

গ. 'ক' অংশ হতে পাই, $\log_k p = T(y-z)$

বা, $p = k^{T(y-z)}$ [লগের সংজ্ঞা হতে]

বা, $p^{y^2+yz+z^2} = k^{T(y-z)(y^2+yz+z^2)}$

$\therefore p^{y^2+yz+z^2} = k^{T(y^3-z^3)}$ .... (i)

অনুরূপভাবে, $q^{z^2 + zx + x^2} = k^{T(z^3 - x^3)}$ .... (ii)

এবং $r^{x^2 + xy + y^2} = k^{T(z^3 - x^3)}$ .... (iii)

সমীকরণ (i), (ii) ও (iii) গুণ করে পাই,

$$p^{y^2 + yz + z^2}.q^{z^2 + zx + x^2}.\ r^{x^2 + xy + y^2} = k^{T(y^3 - z^3 + z^3 - x^3 + x^3 - y^3)}$$

$$= k^{T.0} = k^0 = 1$$

$\therefore\ p^{y^2 + yz + z^2}.q^{z^2 + zx + x^2}.\ r^{x^2 + xy + y^2} = 1$ (প্রমাণিত)

প্রশ্ন–২০ ▸ $p = x^a, q = x^b, r = x^c$ এবং $a + b + c = 0$

ক. $(pqr)^2$ এর মান বের কর। ২

খ. দেখাও যে, $\left(\frac{p}{q^{-1}}\right)^{a^2 + ab + b^2} \times \left(\frac{q}{r^{-1}}\right)^{b^2 + bc + c^2} \times \left(\frac{r}{q^{-1}}\right)^{c^2 + ca + a^2} = 1$ ৪

গ. প্রমাণ কর যে,

উৎৎড়ৎ! $= 1$ ৪

২০নং প্রশ্নের সমাধান

ক. দেওয়া আছে, $p = x^a$, $q = x^b$, $r = x^c$ এবং $a + b + c = 0$

$\therefore\ (pqr)^2 = (x^a.x^b.x^c)^2 = (x^{a+b+c})^2 = (x^0)^2 = (1)^2 = 1$

$\therefore\ (pqr)^2 = 1$ **(Ans.)**

খ. বামপক্ষ $= \left(\frac{p}{q^{-1}}\right)^{a^2 + ab + b^2} \times \left(\frac{q}{r^{-1}}\right)^{b^2 + bc + c^2} \times \left(\frac{r}{q^{-1}}\right)^{c^2 + ca + a^2}$

$$= \left(\frac{x^a}{x^b}\right)^{a^2 + ab + b^2} \times \left(\frac{x^b}{x^c}\right)^{b^2 + bc + c^2} \times \left(\frac{x^c}{x^a}\right)^{c^2 + ca + a^2}$$

$$= (x^{a-b})^{a^2 + ab + b^2} \times (x^{b-c})^{b^2 + bc + c^2} \times (x^{c-a})^{c^2 + ca + a^2}$$

$$= x^{(a^3 - b^3)} \times x^{(b^3 - c^3)} \times x^{(c^3 - a^3)}$$

$$= x^{a^3 - b^3 + b^3 - c^3 + c^3 - a^3}$$

$= x^0 = 1 =$ ডানপক্ষ

$\therefore\ \left(\frac{p}{q^{-1}}\right)^{a^2 + ab + b^2} \times \left(\frac{q}{r^{-1}}\right)^{b^2 + bc + c^2} \times \left(\frac{r}{q^{-1}}\right)^{c^2 + ca + a^2} = 1$ (দেখানো হলো)

গ. $\frac{1}{1+p+q^{-1}} + \frac{1}{1+q+r^{-1}} + \frac{1}{1+r+p^{-1}}$

$= \frac{1}{1+x^a+x^{-b}} + \frac{1}{1+x^b+x^{-c}} + \frac{1}{1+x^c+x^{-a}}$

$= \frac{1}{x^b+x^{-c}+1} + \frac{1}{x^c+x^{-a}+1} + \frac{1}{x^a+x^{-b}+1}$

$= \frac{1}{x^b+\frac{1}{x^c}+1} + \frac{1}{x^c+x^{-a}+1} + \frac{1}{x^a+x^{-b}+1}$

$= \frac{x^c}{1+x^c+x^{b+c}} + \frac{1}{1+x^c+x^{b+c}} + \frac{1}{x^a+\frac{1}{x^b}+1}$ $[\because a+b+c=0$

$\therefore b+c=-a]$

$= \frac{x^c}{1+x^c+x^{b+c}} + \frac{1}{1+x^c+x^{b+c}} + \frac{x^b}{x^{a+b}+x^b+1}$

$= \frac{x^c}{1+x^c+b^{b+c}} + \frac{1}{1+x^c+b^{b+c}} + \frac{x^b}{x^{-c}+x^b+1}$

$= \frac{x^c}{1+x^c+b^{b+c}} + \frac{1}{1+x^c+b^{b+c}} + \frac{x^b}{\frac{1}{x^c}+x^b+1}$

$= \frac{x^c}{1+x^c+b^{b+c}} + \frac{1}{1+x^c+b^{b+c}} + \frac{x^b.x^c}{1+x^c+b^{b+c}}$

$= \frac{x^c+1+x^{b+c}}{1+x^c+x^{b+c}} = \frac{1+x^c+x^{b+c}}{1+x^c+x^{b+c}} = 1$

$\therefore \frac{1}{1+p+q^{-1}} + \frac{1}{1+q+r^{-1}} + \frac{1}{1+r+p^{-1}} = 1$ **(দেখানো হলো)**

প্রশ্ন–২১ ▸ $\boldsymbol{f(x) = \log(1+x) - 2\log(x)}$

ক. দেখাও যে, $\log_a x^m = m\log_a x$ ২

খ. $f(x) = 0$ হলে, দেখাও যে, $x = \frac{1+\sqrt{5}}{2}$ ৪

গ. D_f এবং R_f নির্ণয় কর। ৪

২১নং প্রশ্নের সমাধান

ক. ধরি, $\log_a x = p$

বা, $x = a^p$

বা, $x^m = a^{mp}$

বা, $\log_a x^m = \log_a a^{mp}$

বা, $\log_a x^m = mp \times \log_a a$

বা, $\log_a x^m = mp$

$\therefore \log_a x^m = m\log_a x$ **[দেখানো হলো]**

খ. দেওয়া আছে, $f(x) = \log(1 + x) - 2\log(x)$

$= \log (1 + x) - \log x^2$

$= \log \dfrac{1 + x}{x^2}$

এখন $f(x) = 0$ হলে,

বা, $\log \left(\dfrac{1 + x}{x^2}\right) = 0 = \log 1$

বা, $\dfrac{1 + x}{x^2} = 1$

বা, $x^2 = 1 + x$

বা, $x^2 - x - 1 = 0$

বা, $x^2 - 2x.\dfrac{1}{2} + \dfrac{1}{4} - 1 - \dfrac{1}{4} = 0$

বা, $\left(x - \dfrac{1}{2}\right)^2 = \dfrac{5}{4}$

বা, $x - \dfrac{1}{2} = \dfrac{\sqrt{5}}{2}$ [ঋণাত্মক মান বর্জন করে]

$\therefore x = \dfrac{\sqrt{5}}{2} + \dfrac{1}{2} = \dfrac{1 + \sqrt{5}}{2}$ **(দেখানো হলো)**

গ. $f(x) = \log(1 + x) - 2 \log(x)$

$\log (1 + x)$ ফাংশনটি $1 + x > 0$ বা, $x > -1$ এর জন্য সংজ্ঞায়িত।

আবার, $\log x$ ফাংশনটি $x > 0$ এর জন্য সংজ্ঞায়িত

$\therefore f(x) = \log (1 + x) - 2\log(x)$ ফাংশনটি $x > 0$ এর জন্য সংজ্ঞায়িত

$D_f = \{x \in \mathbb{R}: x > 0\}$ **(Ans.)**

$\therefore f(x) = \log \frac{1+x}{x^2}$ এর রেঞ্জ $R_f = (0, \infty)$ **(Ans.)**

প্রশ্ন–২২ **দেওয়া আছে, $y = 3^x$ এবং $\frac{\log(1+y)}{\log y} = 2$**

ক. $y = 3^x$ এর ডোমেন এবং রেঞ্জ নির্ণয় কর। ২

খ. $y = 3^x$ এর লেখচিত্র অঙ্কন কর। ৪

গ. দ্বিতীয় সমীকরণ থেকে দেখাও যে, y এর কেবল একটি মান সমীকরণটিকে সিদ্ধ করে। ৪

২২নং প্রশ্নের সমাধান

ক. দেওয়া আছে, $y = 3^x$

x -এর যেকোনো বাস্তব মানের জন্য y বাস্তব হবে।

সুতরাং ডোমেন = $\mathbb{R}$ **(Ans.)**

আবার, $y = 3^x$

বা, $\log y = \log 3^x$

বা, $\log y = x \log 3$

$\therefore x = \frac{\log y}{\log 3}$

এখানে y- এর মান অঋণাত্মক হলেই কেবল x এর বাস্তব মান পাওয়া যাবে।

$\therefore$ রেঞ্জ = $\{x : x \in \mathbb{R}$ এবং $x > 0\}$ **(Ans.)**

খ. ধরি, $x = (x) = 3x$

0 থেকে 3.5 এর মধ্যে x এর কয়েকটি মান নিয়ে সংশ্লিষ্ট y এর মান নিম্নের ছকে দেখানো হলো–

x	0	0.5	1	1.5	2	2.5	3	3.5
y	1	1.73	3	5.19	9	15.6	27	46.8

এখন, ছক কাগজে সুবিধামত X অক্ষ YOY′ এবং Y অক্ষ আঁকি। X-অক্ষ বরাবর ক্ষুদ্রতম 10 বর্গ ঘর = 1 একক এবং Y-অক্ষ বরাবর ক্ষুদ্রতম 1 বর্গঘর = 1 একক ধরে (x, y) বিন্দুগুলো স্থাপন করি। বিন্দুগুলোকে সহজভাবে বক্ররেখায় যুক্ত করে $y = f(x) = 3^x$ এর লেখ পাওয়া যায়। যা নিম্নে দেখানো হলো:



গ. দেওয়া আছে, $\frac{\log (1 + y)}{\log y} = 2$

বা, $\log (1 + y) = 2 \log y$

বা, $\log (1 + y) = \log y^2$

বা, $1 + y = y^2$

বা, $y^2 - y - 1 = 0$

বা, $4y^2 - 4y + 1 - 5 = 0$

বা, $(2y - 1)^2 = 5$

বা, $2y - 1 = \pm \sqrt{5}$

$\therefore\ y = \frac{1 \pm \sqrt{5}}{2}$

কিন্তু y ঋণাত্মক হলে logy অসংজ্ঞায়িত হয়।

$\therefore$ y এর মান ঋণাত্মক হতে পারে না।

সুতরাং $y = \frac{1 + \sqrt{5}}{2}$

$\therefore$ y এর কেবল একটি মান সমীকরণকে সিদ্ধ করে **(দেখানো হলো)**

প্রশ্ন–২৩ $f(x) = -5^{-x} + 1,\ x \in \mathbb{R}$ হলে,

ক. দেখাও $\frac{3^a}{3^b} = \frac{1}{3^{b-a}}$ যখন a, b $\in \mathbb{N}$, a < b ২

খ. f(x) এর বিপরীত ফাংশনকে $\log\left(\frac{a}{b}\right)$ এর মাধ্যমে প্রকাশ কর। ৪

গ. লেখচিত্রের মাধ্যমে ফাংশনটির রেঞ্জ নির্ণয় কর। ৪

২৩নং প্রশ্নের সমাধান

ক. দেখাতে হবে, $\frac{3^a}{3^b} = \frac{1}{3^{b-a}}$

বামপক্ষ $= \frac{3^a}{3^b} = \frac{1}{3^b . 3^{-a}} = \frac{1}{3^{b-a}}$

= ডানপক্ষ **(দেখানো হলো)**

খ. দেওয়া আছে, $f(x) = -5^{-x} + 1$

বা, $y = f(x) = -5^{-x} + 1$

বা, $5^{-x} = 1 - y$

বা, $\log 5^{-x} = \log(1 - y)$ [উভয় পক্ষে log নিয়ে]

বা, $-x\log 5 = \log(1 - y)$

বা, $-1 = \frac{\log(1-y)}{\log 5}$

বা, $x = -\frac{\log(1-y)}{\log 5}$

$\therefore f^{-1}(y) = -\frac{\log(1-y)}{\log 5}$

$\therefore$ y কে x দ্বারা প্রতিস্থাপন করে,

$f^{-1}(x) = -\frac{\log(1-x)}{\log 5}$ **(Ans.)**

গ. প্রদত্ত ফাংশন, $f(x) = -5^{-x} + 1$

ধরি, $y = f(x) = -5^{-x} + 1$

x এর কয়েকটি মানের জন্য y এর প্রতিরূপী মান নিচের ছকে দেওয়া হলো :

x	–1	0	1	2	3
y	–4	0	0.8	0.96	0·992



লেখচিত্র হতে দেখা যায় যে, x এর মান যত বৃদ্ধি পায়, y এর মান ততই 1 এর কাছাকাছি পৌছায় কিন্তু 1 হয় না। অর্থাৎ $x \to \infty$, $y \to \infty$ তখন $y \to 1$। x এর মান যতই ঋণাত্মক দিকে বৃদ্ধি পায়, y এর মান ততই হ্রাস পেতে থাকে এবং ক্রমান্বয়ে $-\propto$ দিকে ধাবিত হয়। অর্থাৎ $x \to -\propto$, $y \to -\propto$

ডোমেন $D_r = (-\propto, \propto)$; রেঞ্জ $R_r = (-\propto, 1)$ **(Ans.)**

অধ্যায় সমন্বিত সৃজনশীল প্রশ্ন ও সমাধান

প্রশ্ন–৩০ $\mathbf{P = \frac{x^a}{x^b}}$, $\mathbf{Q = \frac{x^b}{x^c}}$ **এবং** $\mathbf{R = \frac{x^c}{x^a}}$.

ক. $Q = 1$ হলে, দেখাও যে, $b = c$. ২

খ. দেখাও যে,

$P^{a+b-c} . Q^{b+c-a} . R^{c+a-b} = 1$. ৪

গ. প্রমাণ কর যে,

$(a^2 + ab + b^2) \log_k P + (b^2 + bc + c^2) \log_k Q + (c^2 + ca + a^2) \log_k R = 0$. ৪

৩০নং প্রশ্নের সমাধান

ক. দেওয়া আছে, $Q = \frac{x^b}{x^c} = x^{b-c}$

যদি $Q = 1$ হয়,

$1 = x^{b-c}$

বা, $x^\circ = x^{b-c}$

বা, $0 = b - c$

$\therefore\ b = c$ (দেখানো হলো)

খ. দেওয়া আছে, $p^{a+b-c} \cdot Q^{b+c-a} \cdot R^{c+a-b}$

$= \left(\frac{x^a}{x^b}\right)^{a+b-c} \left(\frac{x^b}{x^c}\right)^{b+c-a} \left(\frac{x^c}{x^a}\right)^{c+a-b}$

$= (x^{a-b})^{a+b-c} \cdot (x^{b-c})^{b+c-a} \cdot (x^{c-a})^{c+a-b}$

$= x^{a^2+ab-ac-ab-b^2+bc} \cdot x^{b^2+bc-ab-bc-c^2+ac} \cdot x^{c^2+ac-bc-ac-a^2+ab}$

$= x^{a^2-ac-b^2+bc} \cdot x^{b^2-ab-c^2+ac} \cdot x^{c^2-bc-a^2+ab}$

$= x^\circ = 1$

$\therefore\ p^{a+b-c} \cdot Q^{b+c-a} \cdot R^{c+a-b} = 1$ (দেখানো হলো)

গ. $(a^2 + ab + b^2) \log_k P + (b^2 + bc + c^2) \log_k Q + (c^2 + ca + a^2) \log_k R$

$= (a^2 + ab + b^2) \log_k \frac{x^a}{x^b} + (b^2 + bc + c^2) \log_k \frac{x^b}{x^c} + (c^2 + ca + a^2) \log_k \frac{x^c}{x^a}$

$= (a^2 + ab + b^2) \log_k x^{a-b} + (b^2 + bc + c^2) \log_k x^{b-c} + (c^2 + ca + a^2) \log_k x^{c-a}$

$= (a - b)(a^2 + ab + b^2) \log_k x + (b^2 + bc + c^2)(b - c) \log_k x + (c^2 + ca + a^2)(c - a) \log_k x$

$= (a^3 - b^3) \log_k x + (b^3 - c^3) \log_k x + (c^3 - a^3) \log_k x$

$= (a^3 - b^3 + b^3 - c^3 + c^3 - a^3) \log_k x$

$= 0.\log_k x$

$= 0$

$\therefore\ (a^2 + ab + b^2) \log_k P + (b^2 + bc + c^2) \log_k Q + (c^2 + ca + a^2) \log_k R = 0$ (প্রমাণিত)

প্রশ্ন–৩১ ▶ $a = xy^{p-1}$, $b = xy^{q-1}$ এবং $C = xy^{r-1}$

ক. a^{q-r} এর সরল মান নির্ণয় কর। ২

খ. দেখাও যে, $a^{q-r} b^{r-p} c^{p-q} = 1$ ৪

গ. সরল কর : $(q - r) \log a + (r - p) \log b + (p - q) \log c$ ৪

৩১নং প্রশ্নের সমাধান

ক. দেওয়া আছে, $a = xy^{p-1}$

$\therefore\ a^{q-r} = (xy^{p-1})^{q-r} = x^{q-r}.y^{pq-q-pr+r}$ **(Ans.)**

খ. বামপক্ষ $= a^{q-r}b^{r-p}c^{p-q}$

$= (xy^{p-1})^{q-r}.(xy^{q-1})^{r-p}.(xy^{r-1})^{p-q}$ .... (i)

$= x^{q-r}.(y^{p-1})^{q-r}.x^{r-p}.(y^{q-1})^{r-p}.(x^{p-q})(y^{r-1})^{p-q}$

$= x^{q-r+r-p+p-q}.y^{pq-q-rp+r}.y^{qr-r-pq+p}.y^{rp-p-qr+q}$

$= x^{0}.y^{pq-q-rp+r+qr-r-pq+p+rp-p-qr+q}$

$= x^{0}.y^{0} = 1.1 = 1 =$ ডানপক্ষ

$\therefore\ x^{a-r}b^{r-p}C^{p-q} = 1$ (দেখানো হলো)

গ. $(q-r)\log a + (r-p)\log b + (p-q)\log c$

$= (q-r)\log xy^{p-1} + (r-p)\log xy^{q-1} + (p-q)\log xy^{r-1}$

$= \log(xy^{p-1})^{q-r} + \log(xy^{q-1})^{r-p} + \log(xy^{r-1})^{p-q}$

$= \log\{(xy^{p-1})^{q-r}.(xy^{q-1})^{r-p}.(xy^{r-1})^{p-q}\}$

$= \log 1$ [(i) এর সাহায্যে]

$= 0$ **(Ans.)**

প্রশ্ন–৩২ $x = \log_a y$ যেখানে $a > 0, a \neq 1$

ক. $\left\{\left(\frac{1}{2x}\right)\frac{x^2-y^2}{x+y}\right\}\frac{x}{x-y}$ এর মান কত? ২

খ. $y = 2^{\frac{1}{3}} + 2^{-\frac{1}{3}}$ হলে, দেখাও যে, $2y^3 - 6y - 5 = 0$ ৪

গ. x এর কোন মানের জন্য $\frac{\log_{10}(1+x)}{\log_{10}x} = 2$ হবে? ৪

৩২নং প্রশ্নের সমাধান

ক. $\left\{\left(\frac{1}{2x}\right)\frac{x^2-y^2}{x+y}\right\}\frac{x}{x-y} = \left\{\left(\frac{1}{2x}\right)\frac{(x-y)\,(x+y)}{(x+y)}\right\}\frac{x}{x-y}$

$= \left(\frac{1}{2x}\right)^{\frac{(x-y)x}{x-y}} = \left(\frac{1}{2x}\right)^{x} = 2^1 = 2$ **(Ans.)**

খ. $y = 2^{\frac{1}{3}} + 2^{-\frac{1}{3}}$ .... (i)

বা, $y^3 = \left(2^{\frac{1}{3}} + 2^{-\frac{1}{3}}\right)^3$ [ঘন করে]

বা, $y^3 = \left(2^{\frac{1}{3}}\right)^3 + \left(2^{-\frac{1}{3}}\right)^3 + 3.2^{\frac{1}{3}}.2^{-\frac{1}{3}}\left(2^{\frac{1}{3}} + 2^{-\frac{1}{3}}\right)$

বা, $y^3 = 2 + 2^{-1} + 3.2^0.y$ [(i) থেকে]

বা, $y^3 = 2 + \frac{1}{2} + 3y$

বা, $2y^3 = 4 + 1 + 6y$

$\therefore\ 2y^3 - 6y - 5 = 0$ (দেখানো হলো)

গ. $\frac{\log_{10}(1 + x)}{\log_{10}x} = 2$

বা, $2\log_{10}x = \log_{10}(1 + x)$

বা, $\log_{10}x^2 = \log_{10}(1 + x)$

বা, $x^2 = 1 + x$

বা, $x^2 - x - 1 = 0$

বা, $x = \frac{-(-1) \pm \sqrt{(-1)^2 - 4.1.(-1)}}{2.1} = \frac{1 \pm \sqrt{1 + 4}}{2}$

$= \frac{1 \pm \sqrt{5}}{2}$

কিন্তু ঋণাত্মক মান গ্রহণযোগ্য নয়, কারণ $\log_{10}x > 0$

$\therefore\ x = \frac{1 \pm \sqrt{5}}{2}$ **(Ans.)**

প্রশ্ন–৩৩ ▸ **$a \neq 0$, এবং $m, n \in Z$ এবং ঋণাত্মক পূর্ণ সাংখ্যিক সূচকের জন্য $(a^m)^n = a^{mn}$ সূত্রটি সত্য।**

ক. দেখাও যে, $(a^m)^n = a^{mn}$, যেখানে $m < 0$ এবং $n < 0$ ২

খ. $\sqrt[bc]{\dfrac{\frac{b}{xc}}{\frac{c}{xb}}} \times \sqrt[ca]{\dfrac{\frac{c}{xa}}{\frac{a}{xc}}} \times \sqrt[ab]{\dfrac{\frac{a}{xb}}{\frac{b}{xa}}}$ এর মান নির্ণয় কর। ৪

গ. প্রমাণ কর যে, $\log_k \dfrac{x - \sqrt{x^2-1}}{x + \sqrt{x^2-1}} = 2\log_k(x - \sqrt{x^2-1})$ ৪

৩৩নং প্রশ্নের সমাধান

ক. দেওয়া আছে, $m < 0$ এবং $n < 0$

ধরি, $m = -q$ এবং $n = -r$, যেখানে, $q, r \in \mathbb{N}$

এক্ষেত্রে বামপক্ষ $= (a^m)^n = (a^{-q})^{-r}$

$$= \frac{1}{(a^{-q})^r} = \frac{1}{\left(\frac{1}{a^q}\right)^r} = \frac{1}{\frac{1}{aqr}}$$

$$= a^{qr} = a^{(-q)(-r)} = a^{mn} = \text{ডানপক্ষ}$$

$\therefore (a^m)^n = a^{mn}$ **(দেখানো হলো)**

খ. প্রদত্ত রাশি $= \sqrt[bc]{\dfrac{\frac{b}{xc}}{\frac{c}{xb}}} \times \sqrt[ca]{\dfrac{\frac{c}{xa}}{\frac{a}{xc}}} \times \sqrt[ab]{\dfrac{\frac{a}{xb}}{\frac{b}{xa}}}$

$$= \frac{\left(\frac{b}{xc}\right)^{\frac{1}{bc}}}{\left(\frac{c}{xb}\right)^{\frac{1}{bc}}} \times \frac{\left(\frac{c}{xa}\right)^{\frac{1}{ca}}}{\left(\frac{a}{xc}\right)^{\frac{1}{ca}}} \times \frac{\left(\frac{a}{xb}\right)^{\frac{1}{ab}}}{\left(\frac{b}{xa}\right)^{\frac{1}{ab}}}$$

$$= \frac{\frac{1}{xc^2}}{\frac{1}{xb^2}} \times \frac{\frac{1}{xa^2}}{\frac{1}{xc^2}} \times \frac{\frac{1}{xb^2}}{\frac{1}{xa^2}} = 1 \textbf{ (Ans.)}$$

গ. বামপক্ষ $= \log_k \frac{x - \sqrt{x^2 - 1}}{x + \sqrt{x^2 - 1}}$

$$= \log_k \frac{(x - \sqrt{x^2 - 1})(x - \sqrt{x^2 - 1})}{(x + \sqrt{x^2 - 1})(x - \sqrt{x^2 - 1})}$$

$$= \log_k \frac{(x - \sqrt{x^2 - 1})^2}{x^2 - (\sqrt{x^2 - 1})^2} = \log_k \frac{(x - \sqrt{x^2 - 1})^2}{x^2 - x^2 + 1}$$

$$= \log_k (x - \sqrt{x^2 - 1})^2 = 2\log_k (x - \sqrt{x^2 - 1})$$

= ডানপক্ষ (দেখানো হলো)

প্রশ্ন–৩৪ $\boldsymbol{f(x) = ln(x - 4)}$

ক. ফাংশনটির বিপরীত ফাংশন বের কর। ২

খ. $f(x)$ এর ডোমেন ও রেঞ্জ বের কর। ৪

গ. $f(x)$ ফাংশনটির লেখচিত্র অঙ্কন কর। ৪

৩৪নং প্রশ্নের সমাধান

ক. দেওয়া আছে, $f(x) = ln\,(x - 4)$

ধরি, $y = f(x) = ln\,(x - 4)$

$\therefore\ y = f(x)$ এবং $y = ln\,(x - 4)$

বা, $x = f^{-1}(y)$ বা, $e^y = x - 4$ .... (i)

$\therefore\ x = e^y + 4$ .... (ii)

(i) ও (ii) থেকে $f^{-1}(y) = e^y + 4$

$\therefore\ f^{-1}(x) = e^x + 4$

খ. যেহেতু লগারিদম শুধুমাত্র ধনাত্মক বাস্তব সংখ্যার জন্য সংজ্ঞায়িত হয়।

$\therefore\ x - 4 > 0$

বা, $x > 4$

বা, $\{x \in \mathbb{R} : x > 4\}$

$= (4, \infty)$

সংখ্যারেখা : 

$\therefore$ প্রদত্ত ফাংশনের ডোমেন $= (4, \infty)$

আবার 'ক' হতে পাই, $x = e^y + 4$ যা $y \in \mathbb{R}$ এর জন্য $x \in$ বা, হয়।

$\therefore$ প্রদত্ত ফাংশনের রেঞ্জ $= \mathbb{R}$.

গ. প্রদত্ত ফাংশন, $y = f(x) = ln(x - 4)$

ফাংশনটির লেখচিত্র অঙ্কনের জন্য x ও y এর মানগুলোর তালিকা তৈরি করি :

x	4	4.5	5	6	7	8	10
y	$-\infty$	-0.693	0	0.693	1.09	1.39	1.79



মনে করি, ছক কাগজের XOX' বরাবর x-অক্ষ, YOY' বরাবর y অক্ষ এবং O মূলবিন্দু। x-অক্ষে প্রতি ক্ষুদ্রতম 2 বর্গ = 1 একক এবং y অক্ষে প্রতি ক্ষুদ্রতম 10 বর্গ = 1 একক ধরে ছকে প্রাপ্ত (x, y) বিন্দুগুলো ছক কাগজে স্থাপন করি এবং সাবলীলভাবে যুক্ত করে প্রদত্ত ফাংশনের লেখচিত্র অঙ্কন করি।

প্রশ্ন–৩৫ $A = \left(\frac{x^b}{x^c}\right)^{b+c} \times \left(\frac{x^c}{x^a}\right)^{c+a} \times \left(\frac{x^a}{x^b}\right)^{a+b}$

$B = a^2 - 3\frac{2}{3} - 3\frac{2}{3} + 2$ **এবং** $a \geq 0$

$P = \log_a(bc), q = \log_b(ca), r = \log_c(ab)$ **হলে,**

ক. দেখাও যে, $A = 1$ ২

খ. $B = 0$ হলে দেখাও যে, $3a^3 + 9a = 8$ ৪

গ. প্রমাণ কর যে, $\frac{1}{p+1} + \frac{1}{q+1} + \frac{1}{r+1} = 1$ ৪

৩৫নং প্রশ্নের সমাধান

ক. অনুশীলনী–৯.১ এর পৃষ্ঠা–১৮৪, উদাহরণ–১২ দ্রষ্টব্য।

খ. দেওয়া আছে, $B = a^2 - 3^{\frac{2}{3}} - 3^{-\frac{2}{3}} + 2$ এবং $B = 0$

অর্থাৎ $a^2 + 2 + 3^{\frac{2}{3}} - 3^{-\frac{2}{3}} = 0$

বা, $a^2 + 2 = 3^{\frac{2}{3}} + 3^{-\frac{2}{3}}$

বা, $a^2 = \left(3^{\frac{1}{3}}\right)^2 + \left(3^{-\frac{1}{3}}\right)^2 - 2$

বা, $a^2 = \left(3^{\frac{1}{3}}\right)^2 + \left(3^{-\frac{1}{3}}\right)^2 - 2\cdot 3^{\frac{1}{3}}\cdot 3^{-\frac{1}{3}}$ $\left[3^{\frac{1}{3}}.\, 3^{-\frac{1}{3}} = 3^{\circ} = 1\right]$

বা, $a^2 = \left(3^{\frac{1}{3}} - 3^{-\frac{1}{3}}\right)^2$

বা, $a = 3^{\frac{1}{3}} - 3^{-\frac{1}{3}}$ [উভয়পক্ষে বর্গমূল এবং
$\because$ $a \geq 0$ ধনাত্মক মান নিয়ে]

বা, $a^3 \left(3^{\frac{1}{3}} - 3^{-\frac{1}{3}}\right)^3$ [উভয়পক্ষকে ঘন করে]

বা, $a^3 = \left(3^{\frac{1}{3}}\right)^3 - \left(3^{-\frac{1}{3}}\right)^3 - 3.3^{\frac{1}{3}}.3^{-\frac{1}{3}}\left(3^{\frac{1}{3}} - 3^{-\frac{1}{3}}\right)$

$[\because (a - b)^3 = a^3 - b^3 - 3ab\,(a - b)]$

বা, $a^3 = 3 - 3^{-1} - 3.3^0.a$

$[\because 3^{\frac{1}{3}}.3^{-\frac{1}{3}} = 3^{\frac{1}{3} - \frac{1}{3}} = 3^{\circ}$ এবং $3^{\frac{1}{3}} - 3^{-\frac{1}{3}} = a]$

বা, $a^3 = 3 - \frac{1}{3} - 3a$

বা, $a^3 + 3a = \frac{8}{3}$

$\therefore 3a^3 + 9a = 8$ **(দেখানো হলো)**

গ. অনুশীলনী– ৯.২ পৃষ্ঠা–১৯২, উদাহরণ–১০ নং দ্রষ্টব্য।

প্রশ্ন–৩৬ যদি $\mathbf{a > 0}$ এবং $\mathbf{x = \sqrt[3]{a + b} + \sqrt[3]{a - b}}$ এবং $\mathbf{a = \sqrt{b^3}}$ হয় তবে,

ক. সমাধান কর : $\log_{10}\left[98 + \sqrt{x^2 - 12x + 36}\right] = 2$ ২

খ. যদি $a^2 - b^2 = c^3$ তাহলে দেখাও যে, $x^3 - 3cx - 2a = 0$ ৪

গ. প্রমাণ কর : $\sqrt{\left(\frac{a}{b}\right)^3} + \sqrt[3]{\left(\frac{b}{a}\right)^2} = \sqrt{a} + \frac{1}{\sqrt[3]{b}}$ ৪

৩৬নং প্রশ্নের সমাধান

ক. $\log_{10}\left[98 + \sqrt{x^2 - 12x + 36}\right] = 2$

বা, $\left[98 + \sqrt{x^2 - 12x + 36}\right] = 10^2$ [$\because \log_a x = b$ হলে $x = a^b$]

বা, $98 + \sqrt{x^2 - 12x + 36} = 100$

বা, $\sqrt{x^2 - 12x + 36} = 2$

বা, $x^2 - 12x + 36 = 4$ [বর্গ করে]

বা, $x^2 - 12x + 32 = 0$

বা, $x(x - 8) - 4(x - 8) = 0$

$\therefore$ $(x - 4)(x - 8) = 0$

$\therefore$ $x = 4$ অথবা 8

নির্ণেয় সমাধান, $x = 4$ অথবা 8

খ. দেওয়া আছে, $a^2 - b^2 = c^3$ এবং $x = \sqrt[3]{a + b} + \sqrt[3]{a - b}$

বামপক্ষ $= x^3 - 3cx - 2a$

$= \left(\sqrt[3]{a + b} + \sqrt[3]{a - b}\right)^3 + 3.c\left(\sqrt[3]{a + b} + \sqrt[3]{a - b}\right) - 2a$

$\left[\because x = \sqrt[3]{a + b} + \sqrt[3]{(a - b)}\right]$

$= \left(\sqrt[3]{a + b}\right)^3 + 3.\sqrt[3]{a + b}.\sqrt[3]{a - b}\left(\sqrt[3]{a + b} + \sqrt[3]{a - b}\right)$

$$+\left(\sqrt[3]{a-b}\right)^3 - 3.c\left(\sqrt[3]{a+b} + \sqrt[3]{a-b}\right) - 2a$$

$$= a + b + 3.\sqrt[3]{a^2 - b^2}.\, x + a - b - 3cx - 2a$$

$$= 2a + 3\sqrt[3]{c^3}.x - 3cx - 2a \;\; = 3cx - 3cx = 0 = \text{ডানপক্ষ}$$

$\therefore\ x^3 - 3cx - 2a = 0$ **(দেখানো হলো)**

গ. প্রমাণ করতে হবে, $\sqrt{\left(\frac{a}{b}\right)^2} + \sqrt[3]{\left(\frac{a}{b}\right)^2} = \sqrt{a} + \frac{1}{\sqrt[3]{b}}$

$$\text{বামপক্ষ} = \sqrt{\left(\frac{a}{b}\right)^3} + \sqrt[3]{\left(\frac{b}{a}\right)^2}$$

$$= \sqrt{\frac{a^3}{b^3}} + \sqrt[3]{\frac{b^2}{a^2}} \qquad = \sqrt{a^3}.\frac{1}{\sqrt{b^3}} + \sqrt[3]{\frac{b^2}{b^3}} \qquad \left[\begin{array}{l} \because\ a = \sqrt{b^3} \\ \therefore a^2 = b^3 \end{array}\right]$$

$$= \frac{a\sqrt{a}}{a} + \sqrt[3]{\frac{1}{b}} = \sqrt{a} + \frac{1}{\sqrt[3]{b}} = \text{ডানপক্ষ}$$

$$\therefore \sqrt{\left(\frac{a}{b}\right)^3} + \sqrt[3]{\left(\frac{b}{a}\right)^2} = \sqrt{a} + \frac{1}{\sqrt[3]{b}} \ \textbf{(প্রমাণিত)}$$

প্রশ্ন–৩৭ ▸ $\dfrac{\log_e(1+x)}{\log_e x} = 2$ **একটি লগারিদমিক সমীকরণ।**

ক. প্রদত্ত সমীকরণটিকে x চলক সংবলিত একটি বীজগাণিতিক দ্বিঘাত সমীকরণের আদর্শরূপে প্রকাশ কর। ২

খ. ‘ক’ হতে প্রাপ্ত দ্বিঘাত সমীকরনটির মূলের প্রকৃতি নির্ণয় কর এবং লেখচিত্রের সাহায্যে সমাধান কর। ৪

গ. যদি $a^{3-x}b^{5x} = a^{5+x}b^{3x}$ হয় তবে দেখাও যে,

$x\log_e\left(\frac{b}{a}\right) = \log_e a$ ৪

৩৭নং প্রশ্নের সমাধান

ক. দেওয়া আছে, $\frac{\log_e(1 + x)}{\log_e x} = 2$

বা, $2\log_e x = \log_c(1 + x)$[আড় গুনন করে]

বা, $\log_e x^2 = \log_e (1 + x)$

বা, $x^2 = 1 + x$

$\therefore x^2 - x - 1 = 0$

ইহাই নির্ণেয় দ্বিঘাত সমীকরণের আদর্শরূপ।

খ. 'ক' হতে প্রাপ্ত সমীকরণ,

$x^2 - x - 1 = 0$ যেখানে, $a = 1, b = -1$ এবং $c = -1$।

এখানে নিশ্চায়ক $= b^2 - 4ac = (-1) - \{4.1.(-1)\}$

$= 1 + 4 = 5 > 0$ কিন্তু পূর্ণবর্গ নয়।

$\therefore$ সমীকরণটির মূলদ্বয় বাস্তব, অসমান ও অমূলদ।

লেখচিত্রের সাহায্যে সমাধান নির্ণয় :

ধরি, $y = x^2 - x - 1$.................... (i)

(i) নং সমীকরণে x এর বিভিন্ন মানের জন্য y এর মান নিচের ছকে নির্ণয় করি।

x	–3	(1	2	3	4	5
y	11	1	1	5	11	19

এখানে, লেখের কয়েকটি বিন্দু হলো–

(–3, 11), (–1, 1), 2, 1), (3, 5), (4, 11) ও (6, 29)

এখন, ছক কাগজের XOX′ বরাবর X- অক্ষ, YOY′ বরাবর Y–অক্ষ এবং O মূলবিন্দু।

উভয় অক্ষে ক্ষুদ্রতম বর্গের প্রতি বাহুর দৈর্ঘ্যকে একক ধরে বিন্দুগুলো স্থাপন করি এবং যোগ করি।



অঙ্কিত লেখটি X- অক্ষকে x = 1·6 এবং

$x = -0{\cdot}6$ বিন্দুতে ছেদ করেছে।

নির্ণেয় সমাধান : $x = -0{\cdot}6, 1{\cdot}6$

গ. দেওয়া আছে, $a^{3-x} b^{5x} = a^{5+x} b^{3x}$

বা, $\frac{b^{5x}}{b^{3x}} = \frac{a^{5+x}}{a^{3-x}}$ [উভয়পক্ষকে $a^{3-x}. b^{3x}$ দ্বারা ভাগ করে]

বা, $b^{5x-3x} = a^{5+x-3+x}$

বা, $b^{2x} = a^{2+2x}$

বা, $b^{2x} = a^2.a^{2x}$

বা, $\frac{b^{2x}}{a^{2x}} = a^2$[উভয়পক্ষকে a^{2x} দ্বারা ভাগ করে]

বা, $\log_e\frac{b^{2x}}{a^{2x}} = \log_e a^2$ [উভয়পক্ষে $\log_e$ নিয়ে]

বা, $\log_e\left(\frac{b}{a}\right)^{2x} = \log_e a^2$

বা, $2x \log_e\left(\frac{b}{a}\right) = 2\log_e{}^a$

$\therefore x \log_e\left(\frac{b}{a}\right) = \log_e a$ **(দেখানো হলো)**

প্রশ্ন–৩৮ **নিচের তথ্যগুলো লক্ষ কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও:**

(i) $a^m.a^n = (a^m)^n$ একটি সূচকীয় সমীকরণ।

(ii) $A = \left(x + \frac{k}{x^2}\right)^n$ একটি দ্বিপদী রাশি এবং উক্ত রাশির বিস্তৃতিতে চতুর্থ পদ x মুক্ত বিবেচনা করা হলো।

ক. প্রমাণ কর যে, $m(n-2) + n(m-2) = 0$ ২

খ. উদ্দীপকের বিস্তৃতি থেকে n এর মান নির্ণয় কর। ৪

গ. x^3 এর সহগ 144 হলে, দেখাও যে, $k = \pm 2$ ৪

৩৮নং প্রশ্নের সমাধান

ক. দেওয়া আছে, $a^m \cdot a^n = (a^m)^n$

বা, $a^{m+n} = a^{mn}$

$\therefore$ m + n = mn

বামপক্ষ = m(n – 2) + n(m – 2)

= mn – 2m + mn – 2n

= 2mn – 2 (m + n)

= 2mn – 2mn [$\because$ m + n = mn]

= 0 = ডানপক্ষ

$\therefore$ বামপক্ষ = ডানপক্ষ

অর্থাৎ, m(n – 2) + n(m – 2) = 0 (প্রমাণিত)

খ. দ্বিপদী উপপাদ্য ব্যবহার করে পাই,

$$\left(x + \frac{k}{x^2}\right)^n = x^n + {}^nC_1\, x^{n-1}\left(\frac{k}{x^2}\right) + {}^nC_2\, x^{n-2}\left(\frac{k}{x^2}\right)^2 + {}^nC_3\, x^{n-3}\left(\frac{k}{x^2}\right)^3 + \ldots\ldots\ldots\ldots\ldots\ldots$$

$$= x^n + nx^{n-1}\cdot\frac{k}{x^2} + {}^nC_2\, x^{n-2}\cdot\frac{k^2}{x^4} + {}^nC_3\, x^{n-3}\cdot\frac{k^3}{x^6} + \ldots\ldots$$

$$= x^n + nx^{n-3}\,k + {}^nC_2\, x^{n-6}\,k^2 + {}^nC_3\, x^{n-9}\,k^3 + \ldots\ldots\ldots\ldots$$

বিস্তৃতিটির ৪র্থ পদ ${}^nC_3\, x^{n-9}\, k^3$

রাশিটি x মুক্ত বলে

$x^{n-9} = x^0$

বা, n – 9 = 0

$\therefore$ n = 9 **(Ans.)**

গ. 'খ' অংশ হতে প্রাপ্ত, n = 9, বিস্তৃতিটিতে বসিয়ে পাই,

$$\left(x + \frac{k}{x^2}\right)^9 = x^9 + {}^9c_1x^{9-3}\,k + {}^9c_2x^{9-6}\,k^2 + {}^9c_3x^{9-9}\,k^3 + \ldots\ldots\ldots\ldots$$

$$= x^9 + {}^9c_1x^6\,k + {}^9c_2x^3\,k^2 + {}^9c_3\,k^3 + \ldots\ldots\ldots\ldots\ldots\ldots$$

প্রশ্নমতে, ${}^9c_2k^2 = 144$

বা, $\frac{9\cdot 8}{1\cdot 2}k^2 = 144$

বা, $\frac{72}{2}k^2 = 144$

বা, $36\,k^2 = 144$

বা, $k^2 = \frac{144}{36}$

বা, $k^2 = 4$

$\therefore$ k = ± 2 (দেখানো হলো)

প্রশ্ন–৩৯ $f(x) = \dfrac{x^3 + 2x^2 + 1}{x^2 - 2x - 3}$ এবং $g(y) = 2^{2y} - 3.2^{y+2} + 32.$

ক. $f\left(-\dfrac{1}{3}\right)$ নির্ণয় কর। ২

খ. g(y) = 0 হলে y এর মান নির্ণয় কর। ৪

গ. $f(x)$ কে আংশিক ভগ্নাংশে প্রকাশ কর। ৪

৩৯ নং প্রশ্নের সমাধান

ক. দেওয়া আছে, $f(x) = \dfrac{x^3 + 2x^2 + 1}{x^2 - 2x - 3}$

$$\therefore f\left(-\frac{1}{3}\right) = \frac{\left(-\frac{1}{3}\right)^3 + 2\left(-\frac{1}{3}\right)^2 + 1}{\left(-\frac{1}{3}\right)^2 - 2\left(-\frac{1}{3}\right) - 3}$$

$$= \frac{-\frac{1}{27} + \frac{2}{9} + 1}{\frac{1}{9} + \frac{2}{3} - 3} = \frac{\frac{-1 + 6 + 27}{27}}{\frac{1 + 6 - 27}{9}}$$

$$= \frac{\frac{32}{27}}{\frac{-20}{9}} = \frac{32}{27} \times \frac{9}{-20}$$

$$= -\frac{8}{15} \textbf{ (Ans.)}$$

খ. দেওয়া আছে,

$g(y) = 2^{2y} - 3 \cdot 2^{y+2} + 32$

এখন, $g(y) = 0$

বা, $2^{2y} - 3 \cdot 2^{y+2} + 32 = 0$

বা, $2^{2y} - 3 \cdot 2^y . 2^2 + 32 = 0$

বা, $2^{2y} - 3 \cdot 2^y \cdot 4 + 32 = 0$

বা, $(2^y)^2 - 12 \cdot 2^y + 32 = 0$

বা, $x^2 - 12x + 32 = 0$ [$2^y = x$ ধরে]

বা, $x^2 - 8x - 4x + 32 = 0$

বা, $x(x - 8) - 4(x - 8) = 0$

বা, $(x - 8)(x - 4) = 0$

হয়, $x - 8 = 0$ অথবা, $x - 4 = 0$

বা, $x = 8$ বা, $x = 4$

বা, $2^y = 2^3$ বা, $2^y = 2^2$

$\therefore y = 3$ $\therefore y = 2$

$\therefore$ y এর মান 2, 3 **(Ans.)**

গ. দেওয়া আছে, $f(x) = \dfrac{x^3 + 2x^2 + 1}{x^2 - 2x - 3}$

$$= \frac{x(x^2 - 2x - 3) + 4x^2 + 3x + 1}{x^2 - 2x - 3}$$

$$= x + \frac{4x^2 + 3x + 1}{x^2 - 2x - 3}$$

$$= x + \frac{4(x^2 - 2x - 3) + 11x + 13}{x^2 - 2x - 3}$$

$$= x + 4 + \frac{11x + 13}{x^2 - 2x - 3}$$

$$= x + 4 + \frac{11x + 13}{(x + 1)(x - 3)}$$

এখানে, $\dfrac{11x + 13}{(x + 1)(x - 3)}$ একটি প্রকৃত ভগ্নাংশ।

ধরি, $\dfrac{11x + 13}{(x + 1)(x - 3)} \equiv \dfrac{A}{(x + 1)} + \dfrac{B}{(x - 3)}$ ....(i)

(i) নং সমীকরণের উভয়পক্ষকে $(x + 1)(x - 3)$ দ্বারা গুণ করে পাই,

$11x + 13 \equiv A(x - 3) + B(x + 1)$ ....(ii)

(ii) নং সমীকরণে $x = 3$ বসিয়ে পাই,

$33 + 13 = 4B$

বা, $4B = 46$

$\therefore B = \dfrac{23}{2}$

আবার, (ii) নং সমীকরণ $x = -1$ বসিয়ে পাই,

$$-11 + 13 = -4A$$

বা, $-4A = 2$

$$\therefore A = -\frac{1}{2}$$

A ও B এর মান (i) নং সমীকরণে বসিয়ে পাই,

$$\frac{11x + 13}{(x + 1)(x - 3)} = \frac{23}{2(x - 3)} - \frac{1}{2(x + 1)}$$

নির্ণেয় আংশিক ভগ্নাংশ,

$$f(x) = x + 4 + \frac{23}{2(x - 3)} - \frac{1}{2(x + 1)}$$ **(Ans.)**